ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২৭৩৫</u>

আগরতলা,৪ সেপ্টেম্বর,২০২৫

**ঊনকোটি জেলা হাসপাতালে দু’দিন ব্যাপী মেগা চক্ষু চিকিৎসা শিবির সম্পন্ন**





রাজ্যে চক্ষু চিকিৎসায় স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত বিশেষজ্ঞ চক্ষু চিকিৎসকগণ চোখের নানা রোগ সনাক্তকরণে নিয়মিতভাবে চক্ষু পরীক্ষা শিবিরগুলোতে পরিষেবা প্রদান করে চলেছেন। তেমনি ঊনকোটি জেলা হাসপাতালে গতকাল এবং আজ দু’দিন ব্যাপী মেগা চক্ষু চিকিৎসা শিবিরের আয়োজন করা হয়। জেলা অন্ধত্ব নিবারণী সমিতি ও লায়ন্স ক্লাবের যৌথ উদ্যোগে দৃষ্টিহীনতা প্রতিরোধ এবং চোখের বিভিন্ন রোগের চিকিৎসা নিশ্চিত করার লক্ষ্যে এই মেগা চক্ষু চিকিৎসা শিবিরের আয়োজন করা হয়। এই মেগা চক্ষু চিকিৎসা শিবিরের শতাধিক মানুষ বিনামূল্যে চক্ষু পরীক্ষা ও চিকিৎসা পরিষেবা লাভ করেছেন। বিশেষজ্ঞ চক্ষু চিকিৎসকদের নেতৃত্বে আধুনিক যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে উপস্থিত রোগীদের চোখের নানা ধরনের পরীক্ষা করা হয়। এদিন যাদের চোখে ছানি চিহ্নিত হয়েছে তাদের বিনামূল্যে চোখের ছানির অস্ত্রোপচার করা হয়েছে। তাতে বিশেষজ্ঞ চক্ষু চিকিৎসকগণ ৩ সেপ্টেম্বর মোট ৯৫ জনের এবং আজ মোট ৫০ জনের সফলভাবে চোখের ছানির অস্ত্রোপচার করেন। এছাড়াও উক্ত শিবিরে চক্ষু চিকিৎসকগণ চোখের পরীক্ষায় যাদের সমস্যা ছিল তাদেরকে চোখের ড্রপ ও প্রয়োজনীয় ওষুধ প্রদান করা হয়। উক্ত শিবির পরিচালনা করেন বিশেষজ্ঞ চক্ষু চিকিৎসক ডাঃ সত্যজিৎ পাল, ডাঃ দেবল কিশোর পাল, ডাঃ অমিত সেন, ডাঃ দীপঙ্কর ভৌমিক, পোস্ট গ্রেজুয়েট ট্রেনি চিকিৎসক ডাঃ অনির্বাণ দত্ত প্রমুখ। উক্ত শিবিরকে সুচারুভাবে সম্পন্ন করতে অপ্টোমেট্রিস্ট, নার্সিং অফিসার সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীরা অক্লান্ত পরিশ্রম করেছেন। এই মেগা চক্ষু চিকিৎসা শিবিরের বিশেষজ্ঞ চক্ষু চিকিৎসকগণ চক্ষু পরীক্ষা ও চিকিৎসার পাশাপাশি চোখের যত্ন নেওয়ার গুরুত্ব এবং চোখের দৃষ্টিশক্তি অক্ষুণ্ণ রাখতে পুষ্টিকর খাদ্যাভ্যাস সম্পর্কে উপস্থিত সকলকে পরামর্শ প্রদান করেন। জেলা অন্ধত্ব নিবারণী সমিতি ও লায়ন্স ক্লাবের যৌথ উদ্যোগে সংগঠিত এই ধরনের মেগা চক্ষু শিবিরে রাজ্যের বিশেষজ্ঞ চক্ষু চিকিৎসকগণের উপস্থিতিতে চক্ষু চিকিৎসা পরিষেবা লাভ করে চক্ষু রোগীরা উপকৃত হয়েছেন।

*****